# আল্লাহর জিকির

বিসমিল্লাহির রহমানির রহিম

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহু।

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে "**আল্লাহর জিকির**"।

ر ك ذ এই তিন অক্ষর দ্বারা গঠিত শব্দসমূহ ১৪ টি ফর্মে পবিত্র কোরআনুল করীমে ২৯২ বার এসেছে। বিভিন্ন ফর্মে যে সমস্ত অর্থে ব্যবহৃত হয়েছে সেগুলো হচ্ছে- 'স্মরণ করা', 'উল্লেখ করা', 'স্মরন করিয়ে দেয়া', 'উপদেশ দেয়া', 'পুরুষ', 'স্মরণ', 'স্মারক', ইত্যাদি।

আল্লাহ তা'আলা অতীতের বিভিন্ন জাতি আদ, সামুদ, নূহের জাতি, মাদায়েনবাসী, লুতের জাতি, ফেরাউনের জাতি, কারূণ ইত্যাদির বর্ণনা করেছেন। এদের উপর আল্লাহর অনুগ্রহের বর্ণনা করেছেন এবং সতর্ক করে দিয়েছিলেন যে তোমরা সমাজে দুষ্কৃতি করলে তোমাদেরকে দুনিয়ায় ধ্বংস করে দেয়া হবে এবং আখেরাতে তোমাদের ঠিকানা হবে জাহান্নাম। এবং তাদেরকে ধ্বংস করে দেয়া হয়েছিল।

পবিত্র কোরআনে বার বার বলা হয়েছে আল্লাহকে স্মরণ করতে, আখেরাতের আযাবকে ভয় করতে, আল্লাহর স্মরণে  গাফিল লোকেরাই সমাজে অপকর্ম করে থাকে।

**পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:**

**১। যাহারা (মুমিনগণ) দাঁড়াইয়া, বসিয়া ও শুইয়া আল্লাহকে স্মরণ করে।**

اَلَّذِينَ يَذْكُرُونَ اَللَّهَ قِيَاماً وَقُعُوداً وَعَلَىٰ جُنُوبِهِمْ وَيَتَفَكَّرُونَ فِى خَلْقِ اَلسَّمَاوَاتِ وَاَلأَرْضِ رَبَّنَآ مَا خَلَقْتَ هٰذَا بَاطِلاً سُبْحَانَكَ فَقِنَا عَذَابَ النَّارِ ﴿١٩١﴾

যাহারা দাঁড়াইয়া, বসিয়া ও শুইয়া আল্লাহকে স্মরণ করে এবং আকাশমণ্ডল ও পৃথিবীর সৃষ্টি সম্বন্ধে চিন্তকরে ও বলে, 'হে আমাদের প্রতিপালক! তুমি ইহা নিরর্থক সৃষ্টি কর নাই, তুমি পবিত্র, তুমি আমাদেরকে দোজখের শাস্তি হইতে রক্ষা কর । সূরা আলে ইমরান ৩ঃ ১৯১

**২। এবং যাহারা (মুমিনরা) কোন অশ্লীল কাজ করিয়া ফেলিলে বা নিজেদের প্রতি জুলুম করিলে আল্লাহকে স্মরণ করে এবং ক্ষমা প্রার্থনা করে।**



To learn more click here

وَٱلَّذِينَ إِذَا فَعَلُواْ فَاحِشَةً أَوْ ظَلَمُوٓاْ أَنْفُسَهُمْ ذَكَرُواْ ٱللَّهَ فَٱسْتَغْفَرُواْ لِذُنُوبِهِمْ وَمَنْ يَغْفِرُ ٱلذُّنُوبَ إِلاَّ ٱللَّهُ وَلَمْ يُصِرُّواْ عَلَىٰ مَا فَعَلُواْ وَهُمْ يَعْلَمُونَ ﴿١٣٥﴾

এবং যাহারা কোন অশ্লীল কাজ করিয়া ফেলিলে অথবা নিজেদের প্রতি জুলুম করিলে আল্লাহকে স্মরণ করে এবং নিজেদের পাপের জন্য ক্ষমা প্রার্থনা করে । আলাহ্ ব্যতীত কে পাপ ক্ষমা করিবে? এবং তাহারা যাহা করিয়া ফেলে, জানিয়া-শুনিয়া তাহার পুনরাবৃত্তি করে না । সূরা আলে ইমরান ৩ঃ ১৩৫

**৩। আর (নবী জাকারিয়াকে বলা হয়েছিল) তোমার প্রতিপালক কে অধিক স্মরণ করিবে এবং সন্ধ্যায় ও প্রভাতে তাঁহার পবিত্রতা ও মহিমা ঘোষণা করিবে।**

قَالَ رَبِّ ٱجْعَلْ لِّيَ آيَةً قَالَ آيَتُكَ أَلاَّ تُكَلِّمَ ٱلنَّاسَ ثَلاَثَةَ أَيَّامٍ إِلاَّ رَمْزاً وَٱذْكُرْ رَّبَّكَ كَثِيراً وَسَبِّحْ بِٱلْعَشِيِ وَٱلإِبْكَارِ ﴿٤١﴾

সে বলিল, ‘হে আমার প্রতিপালক! আমাকে একটি নিদর্শন দাও ।' তিনি বলিলেন, ‘তোমার নিদর্শন এই যে, তিন দিন তুমি ইংগিত ব্যতীত কথা বলিতে পারিবে না, আর তোমার প্রতিপালককে অধিক স্মরণ করিবে এবং সন্ধ্যায় ও প্রভাতে তাঁহার পবিত্রতা ও মহিমা ঘোষণা করিবে ।' সূরা আলে ইমরান ৩ঃ ৪১

**৪। তোমরা আমাকেই স্মরণ কর, আমিও তোমাদেরকে স্মরণ করিব।**

فَٱذْكُرُونِيَ أَذْكُرْكُمْ وَٱشْكُرُواْ لِي وَلاَ تَكْفُرُونِ ﴿١٥٢﴾

সুতরাং তোমরা আমাকেই স্মরণ কর, আমিও তোমাদেরকে স্মরণ করিব । তোমরা আমার প্রতি কৃতজ্ঞ হও এবং অকৃতজ্ঞ হইও না । সূরা আল বাকারা ২ঃ ১৫২

**৫। যখন তোমরা সালাত সমাপ্ত করিবে তখন দাঁড়াইয়া, বসিয়া ও শুইয়া আল্লাহকে স্মরণ করিবে।**

فَإِذَا قَضَيْتُمُ ٱلصَّلاَةَ فَٱذْكُرُواْ ٱللَّهَ قِيَاماً وَقُعُوداً وَعَلَىٰ جُنُوبِكُمْ فَإِذَا ٱطْمَأْنَنتُمْ فَأَقِيمُواْ ٱلصَّلاَةَ إِنَّ ٱلصَّلاَةَ كَانَتْ عَلَى ٱلْمُؤْمِنِينَ كِتَاباً مَّوْقُوتاً ﴿١٠٣﴾



To learn more click here

যখন তোমরা সালাত সমাপ্ত করিবে তখন দাঁড়াইয়া, বসিয়া এবং শুইয়া আল্লাহকে স্মরণ করিবে, যখন তোমরা নিরাপদ হইবে তখন যথাযথ সালাত কায়েম করিবে ; নির্ধারিত সময়ে সালাত কায়েম করা মু'মিনদের জন্য অবশ্যকর্তব্য । সূরা আন নিসা ৪ঃ ১০৩

**৬। হে মু'মিনগণ! তোমাদের প্রতি আল্লাহর অনুগ্রহ স্মরণ কর।**

يَا أَيُّهَا ٱلَّذِينَ آمَنُواْ ٱذْكُرُواْ نِعْمَةَ ٱللهِ عَلَيْكُمْ إِذْ هَمَّ قَوْمٌ أَن يَبْسُطُواْ إِلَيْكُمْ أَيْدِيَهُمْ فَكَفَّ أَيْدِيَهُمْ عَنكُمْ وَٱتَّقُواْ ٱللهَ وَعَلَى ٱللهِ فَلْيَتَوَكَّلِ ٱلْمُؤْمِنُونَ ﴿١١﴾

হে মু'মিনগণ! তোমাদের প্রতি আলাহর অনুগ্রহ স্মরণ কর, যখন এক সম্প্রদায় তোমাদেও বিরুদ্ধে হস্ত উত্তোলন করিতে চাহিয়াছিল, তখন আলাহ্ তাহাদের হাত তোমাদের দিক হইতে নিবৃত্ত করিয়াছিলেন; এবং আল্লাহকে ভয় কর, আর আল্লাহরই প্রতি মুমিনগণ নির্ভর করুক । সূরা আল মায়িদা ৫ঃ ১১

**৭। সুতরাং তোমরা আল্লাহর অনুগ্রহ স্মরণ করো এবং পৃথিবীতে বিপর্যয় সৃষ্টি করিয়া বেড়াইও না।**

وَٱذْكُرُوٓاْ إِذْ جَعَلَكُمْ خُلَفَآءَ مِن بَعْدِ عَادٍ وَبَوَّأَكُمْ فِى ٱلأَرْضِ تَتَّخِذُونَ مِن سُهُولِهَا قُصُوراً وَتَنْحِتُونَ ٱلْجِبَالَ بُيُوتاً فَٱذْكُرُوٓاْ آلآءَ ٱللهِ وَلاَ تَعْثَوْا فِى ٱلأَرْضِ مُفْسِدِينَ ﴿٧٤﴾

'স্মরণ কর, আদ জাতির পর তিনি তোমাদেরকে তাহাদের স্থলাভিষিক্ত করিয়াছেন, তিনি তোমাদেরকে পৃথিবীতে এমনভাবে প্রতিষ্ঠিত করিয়াছেন যে, তোমরা সমতল ভূমিতে প্রাসাদ নির্মাণ ও পাহাড় কাটিয়া বাসগৃহ নির্মাণ করিতেছ । সুতরাং তোমরা আলাহর অনুগ্রহ স্মরণ কর এবং পৃথিবীতে বিপর্যয় সৃষ্টি করিয়া বেড়াইও না । সূরা আল আ'রাফ ৭ঃ ৭৪

**৮। তোমার প্রতিপালক কে মনে মনে বিনীত ও সশংকচিত্তে অনুচ্চস্বরে প্রত্যুষে ও সন্ধ্যায় স্মরণ করিবে।**

وَٱذْكُر رَّبَّكَ فِى نَفْسِكَ تَضَرُّعاً وَخِيفَةً وَدُونَ ٱلْجَهْرِ مِنَ ٱلْقَوْلِ بِٱلْغُدُوِّ وَٱلآصَالِ وَلاَ تَكُنْ مِّنَ ٱلْغَافِلِينَ ﴿٢٠٥﴾



To learn more click here

তোমার প্রতিপালককে মনে মনে বিনীত ও সশংকচিত্তে অনুচ্চস্বরে প্রত্যূষে ও সন্ধ্যায় স্মরণ করিবে এবং তুমি উদাসীন হইবে না । সূরা আল আ'রাফ ৭ঃ ২০৫

**৯। ম’মিন তো তাহারাই, যাহাদের হৃদয় কম্পিত হয় যখন আল্লাহকে স্মরণ করা হয়।**

إِنَّمَا ٱلْمُؤْمِنُونَ ٱلَّذِينَ إِذَا ذُكِرَ ٱللَّهُ وَجِلَتْ قُلُوبُهُمْ وَإِذَا تُلِيَتْ عَلَيْهِمْ آيَاتُهُ زَادَتْهُمْ إِيمَاناً وَعَلَىٰ رَبِّهِمْ يَتَوَكَّلُونَ ﴿٢﴾

মু'মিন তো তাহারাই, যাহাদের হৃদয় কম্পিত হয় যখন আল্লাহকে স্মরণ করা হয় এবং যখন তাঁহার আয়াত তাহাদের নিকট পাঠ করা হয়, তখন উহা তাহাদের ঈমান বৃদ্ধি করে এবং তাহারা তাহাদের প্রতিপালকের উপরই নির্ভর করে, সূরা আল আনফাল ৮ঃ ২

**১০। যদি ভুলিয়া যাও তবে তোমার প্রতিপালককে স্মরণ করিও এবং বলিও, সম্ভবত আমার প্রতিপালক আমাকে ইহা অপেক্ষা সত্যের নিকটতর পথনির্দেশ করিবেন।**

إِلاَّ أَن يَشَآءَ ٱللَّهُ وَٱذْكُر رَّبَّكَ إِذَا نَسِيتَ وَقُلْ عَسَىٰ أَن يَهْدِيَنِ رَبِّى لِأَقْرَبَ مِنْ هَـٰذَا رَشَداً ﴿٢٤﴾

আলাহ্‌ ইচ্ছা করিলে' এই কথা না বলিয়া ।” যদি ভুলিয়া যাও তবে তোমার প্রতিপালককে স্মরণ করিও এবং বলিও, ‘সম্ভবত আমার প্রতিপালক আমাকে ইহা অপেক্ষা সত্যের নিকটতর পথনির্দেশ করিবেন ।' সূরা কা'ফ ১৮ঃ ২৪

**১১। মানুষ কি স্মরণ করে না যে, আমি তাহাকে পূর্ব সৃষ্টি করিয়াছি যখন সে কিছুই ছিল না।**

أَوَلاَ يَذْكُرُ ٱلإِنْسَانُ أَنَّا خَلَقْنَاهُ مِن قَبْلُ وَلَمْ يَكُ شَيْئاً ﴿٦٧﴾

মানুষ কি স্মরণ করে না যে, আমি তাহাকে পূর্বে সৃষ্টি করিয়াছি যখন সে কিছুই ছিল না ? সূরা মারিয়াম ১৯ঃ ৬৭

**১২। যাহাদের হৃদয় ভয়ে কম্পিত হয় আল্লাহর নাম স্মরণ করা হইলে।**



To learn more click here

اَلَّذِينَ إِذَا ذُكِرَ اَللّٰهُ وَجِلَتْ قُلُوبُهُمْ وَاَلصَّابِرِينَ عَلَىٰ مَآ أَصَابَهُمْ وَاَلْمُقِيمِى اَلصَّلاَةِ وَمِمَّا رَزَقْنَاهُمْ يُنفِقُونَ ﴿٣٥﴾

যাহাদের হৃদয় ভয়ে কম্পিত হয় আলাহ্‌র নাম স্মরণ করা হইলে, যাহারা তাহাদের বিপদ- আপদে ধৈর্য ধারণ করে এবং সালাত কায়েম করে এবং আমি তাহাদেরকে যে রিযিক দিয়াছি তাহা হইতে ব্যয় করে। সূরা আল হাজ্জ ২২ঃ ৩৫

**১৩। তোমাদের মধ্যে যাহারা আল্লাহ ও আখেরাত কে ভয় করে এবং আল্লাহকে অধিক স্মরণ করে তাহাদের জন্য তো রাসূলুল্লাহর মধ্যে রহিয়াছে উত্তম আদর্শ।**

لَّقَدْ كَانَ لَكُمْ فِى رَسُولِ اَللّٰهِ أُسْوَةٌ حَسَنَةٌ لِّمَن كَانَ يَرْجُو اَللّٰهَ وَاَلْيَوْمَ اَلاَخِرَ وَذَكَرَ اَللّٰهَ كَثِيراً ﴿٢١﴾

তোমাদের মধ্যে যাহারা আলাহ্‌ ও আখিরাতকে ভয় করে এবং আল্লাহকে অধিক স্মরণ করে তাহাদের জন্য তো রাসুলুলাহ্‌র মধ্যে রহিয়াছে উত্তম আদর্শ। সূরা আল আহযাব ৩৩ঃ ২১

**১৪। হে মুমিনগণ! তোমরা আল্লাহকে অধিক স্মরণ কর।**

يٰأَيُّهَا اَلَّذِينَ آمَنُواْ اَذْكُرُواْ اَللّٰهَ ذِكْراً كَثِيراً ﴿٤١﴾

হে মুমিনগণ! তোমরা আল্লাহকে অধিক স্মরণ কর, সূরা আল আহযাব ৩৩ঃ ৪১

**১৫। আমিতো ইহাকে (নূহের কওমের আযাবকে) রাখিয়া দিয়াছি এক নিদর্শনরূপে; অতএব উপদেশ গ্রহণকারী কেউ আছে কি?**

وَلَقَدْ تَّرَكْنَاهَا آيَةً فَهَلْ مِن مُّدَّكِرٍ ﴿١٥﴾

আমি তো ইহাকে রাখিয়া দিয়াছি এক নিদর্শনরূপে; অতএব উপদেশ গ্রহণকারী কেহ আছে কি? সূরা আল কামার ৫৪ঃ ১৫



To learn more click here

**১৬। কোরআনকে আমি সহজ করিয়া দিয়াছি উপদেশ গ্রহণের জন্য; অতএব উপদেশ গ্রহণকারী কেউ আছে কি?**

وَلَقَدْ يَسَّرْنَا ٱلْقُرْآنَ لِلذِّكْرِ فَهَلْ مِن مُّدَّكِرٍ ﴿١٧﴾

কুরআন আমি সহজ করিয়া দিয়াছি উপদেশ গ্রহণের জন্য; অতএব উপদেশ গ্রহণকারী কেহ আছে কি ? সূরা আল কামার ৫৪ঃ ১৭

**একই কথা ১৭, ২২, ৩২ ও ৪০ আয়াতে মোট চারবার বলা হয়েছে।**

**১৭। আমি ধ্বংস করিয়াছি তোমাদের মত দলগুলোকে (কাফের, দুষ্কৃতিকারী ও জুলুমকারী); অতএব উহা হইতে উপদেশ গ্রহণকারী কেহ আছে কি?**

وَلَقَدْ أَهْلَكْنَآ أَشْيَاعَكُمْ فَهَلْ مِن مُّدَّكِرٍ ﴿٥١﴾

আমি ধ্বংস করিয়াছি তোমাদের মত দলগুলিকে; অতএব উহা হইতে উপদেশ গ্রহণকারী কেহ আছে কি?

**১৮। সালাত সমাপ্ত হইলে তোমরা পৃথিবীতে ছড়াইয়া পড়িবে এবং আল্লাহর অনুগ্রহ সন্ধান করিবে ও আল্লাহকে অধিক স্মরণ করিবে।**

فَإِذَا قُضِيَتِ ٱلصَّلَاةُ فَٱنتَشِرُوا۟ فِى ٱلْأَرْضِ وَٱبْتَغُوا۟ مِن فَضْلِ ٱللَّهِ وَٱذْكُرُوا۟ ٱللَّهَ كَثِيرًا لَّعَلَّكُمْ تُفْلِحُونَ ﴿١٠﴾

সালাত সমাপ্ত হইলে তোমরা পৃথিবীতে ছড়াইয়া পড়িবে এবংও । আলাহর অনুগ্রহ সন্ধান করিবে ও আল্লাহকে অধিক স্মরণ করিবে, যাহাতে তোমরা সফলকাম হও । সূরা আল জুমুয়া ৬২ঃ ১০

**১৯। এবং তোমার প্রতিপালকের নাম স্মরণ করো সকালে ও সন্ধ্যায়।**

وَٱذْكُرِ ٱسْمَ رَبِّكَ بُكْرَةً وَأَصِيلاً ﴿٢٥﴾

এবং তোমার প্রতিপালকের নাম স্মরণ কর সকালে ও সন্ধ্যায়, সূরা আল ইনসান ৭৬ঃ ২৫



To learn more click here

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা! আল্লাহকে স্মরণ করার জন্য আসুন, আমরা নিয়মিত সালাত আদায় করি, সালাতে কি পড়ছি তা বুঝে বুঝে হৃদয়ে গেঁথে নেই, নিয়মিত বুঝে বুঝে হৃদয় দিয়ে কোরআন ও  সহীহ হাদিস পাঠ করি। দুনিয়ার সমস্ত কাজকর্ম করার সময় আল্লাহর আদেশ-নিষেধ কে স্মরণ রেখে সে মোতাবেক কাজ করি। দাঁড়িয়ে, বসে, শুয়ে আল্লাহকে স্মরণ করি। কোন অন্যায় কাজ করে ফেললে সাথে সাথে আল্লাহকে স্মরণ করি ও তাওবা করি। আশা করি আল্লাহ তাআলা মহান, রহমান, আমাদেরকে ভুল ত্রুটি ক্ষমা করে দুনিয়া ও আখেরাতের আযাব থেকে রক্ষা করবেন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহু।



To learn more click here